

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>

নির্ভুল নিবন্ধন একবা
বিড়ঘনা নয় বারবার

স্মারক নং-স্থাসবি/জমুনিপ্র/প্রপকা/ব্যয়িত অর্থে হিসাব-১৪৩/২০১৬-১৯১

তারিখ: ১৫-০৩-১৪২৩
২৯-০৬-২০১৬

বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধন ফি হতে প্রাপ্ত অর্থের খরচ ও স্থিতির প্রসঙ্গে।

- সূত্র:
- ১) স্থানীয় সরকার বিভাগের ১১-০৪-২০১৬ তারিখের স্মারক নং-৪৬.০১৮.০২৮.০০.০০.০০৩.২০১১(অংশ-১)-২০২।
 - ২) অর্থ বিভাগের বাজেট-১১ শাখার ২২-৩-২০১৬ তারিখের স্মারক নং-০৭.১১১.০১৪.০১.০১.০০৮.২০১২-৮৮।
 - ৩) অর্থ বিভাগের নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-২ এর ২২-৩-২০১৬ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৪৪. ০৩২.০৮৪.২০০৮-১১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ২নং স্মারকে বাংলাদেশ সংবিধান-এর ৮৪(১) অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক প্রাপ্ত রাজস্ব “কনসুলিডেটেড ফান্ড” এ জমাকরণে বাধ্যবাধকতার উদ্ভূতি দিয়ে অভ্যন্তরীণ রেজিস্ট্রেশন অফিস (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড) কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন হতে প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমাদান করতে বলা হয়েছে। তাই বাংলাদেশ সংবিধানের উক্ত বাধ্যবাধকতার কারণে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পে উক্তরূপভাবে আদায়কৃত অর্থ ব্যয় করার সুযোগ নেই মর্মে জানানো হয়েছে। অনুরূপভাবে, ৩ নং সূত্রের মাধ্যমে অভ্যন্তরীণ রেজিস্ট্রেশন অফিস (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড) হতে জন্ম ও মৃত্যু ‘নিবন্ধন ফি’ খাতে প্রাপ্ত অর্থ ডাটা এন্ট্রির জন্য ব্যয়েরও কোন অবকাশ নেই মর্মে জ্ঞাত করা হয়েছে।


তাই অর্থ বিভাগের নির্দেশনা অনুসরণে এখন হতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের ফি হতে আদায়কৃত অর্থ খরচ না করার জন্য অনুরোধ করা হলো। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতিষ্ঠিতব্য রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের মাধ্যমে নিবন্ধন কার্যালয়ের সংশ্লিষ্ট খাতে খরচের জন্য বাজেট বরাদ্দের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

প্রাপক:

জন্ম ও মৃত্যু নিবন্ধক কার্যালয় (সকল)।

সদয় জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(শেখ মুজিবুর রহমান এনডিসি)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৯৫৫৬৬০৬
ফ্যাক্স- ৯৫৫২৩৮১
ই-মেইল onlinebris@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১
www.mof.gov.bd


নং- ০৭.১১১.০১৪.০১.০১.০০৮.২০১২-৮৮

তারিখ : ২২/০৩/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ স্থানীয়ভাবে ব্যয়িত অর্থ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পে কিভাবে গণনা করা যেত পারে সে বিষয়ে মতামত প্রদান প্রসংগে।

সূত্রঃ ৪৬.০১৮.০২৮.০০.০০.০০১.২০১১-৭৮, তারিখঃ ১০/২০২/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সংবিধান-এর ৮৪(১) অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক প্রাপ্ত রাজস্ব “কনসলিডেটেড ফান্ড” এ জমাকরণের বাধ্যবাধনতা থাকায় জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য অভ্যন্তরীণ রেজিস্ট্রেশন অফিস (ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড) কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন রেজিস্ট্রেশন হতে প্রাপ্ত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে। তাই সংবিধানের উক্ত বাধ্যবাধকতার কারণে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পে উক্ত অর্থ ব্যয় করার সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে জানিয়ে দেয়া হলো।


২২/০৩/২০১৬
(মোঃ হেলাল উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫৭২০৩

সচিব,
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, ইউপি শাখা-২)।